

প্রেস রিলিজ

১২ মে ২০২৪

বাউবির এসএসসি প্রোগ্রামের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামের ভর্তি ইচ্ছুক যে সকল আবেদনকারী জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সমমানের সনদ নেই তাঁদের ভর্তি পরীক্ষার ফল ১২ মে ২০২৪ রবিবার প্রকাশিত হয়েছে। ভর্তি কমিটির সভাপতি ড. মোঃ জাকিরুল ইসলাম আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর হাতে এ ফলাফল তুলে দেন। এ সময় উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিন এবং ভর্তি কমিটির সদস্য অধ্যাপক ড. ইকবাল হুসাইন, মেহেরীন মুনজারীন রত্না, ড. মোঃ শহীদুর রহমান ও আল-আমিন সরকার উপস্থিত ছিলেন।



উক্ত ভর্তি পরীক্ষায় আবেদনকারীর সংখ্যা ৪,৮৭৮ জন এর মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয় ৩,৯২৭ জন। উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম ১৫ মে ২০২৪ থেকে ৩১ মে ২০২৪ তারিখ পর্যন্ত চলমান থাকবে এবং যেসব শিক্ষার্থীদের জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সমমানের সনদ আছে তারাও উক্ত সময়ে ভর্তি হতে পারবেন।

উল্লেখ্য, যে সকল আবেদনকারীর জেএসসি/অষ্টম শ্রেণি/সমমানের সনদ নেই তাদের ভর্তি পরীক্ষা গত ০৩ মে ২০২৪ তারিখ অনুষ্ঠিত হয়।

শিক্ষার্থীদের ফলাফল www.bou.ac.bd এবং বাউবির সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে জানা যাবে।



ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)